

সকল বিভাগীয় চেয়ারম্যান  
সহঃ অফিসি অফিসার

মুক্তিযুদ্ধ জাদুঘর  
LIBERATION WAR MUSEUM  
Plot# F-11/A-B, Civic Sector, Agargaon  
Sher-E- Banglanagar, Dhaka-1207, Bangladesh

Institutional Member of AAM  
Founder Member of International Coalition of Sites of Conscience  
Phone : 880-2-914-2781-3, 880-2-914-2777 (Dir), 09611677223  
e-mail : mukti.jadughar@gmail.com  
Web: www.liberationwarmuseumbd.org

সর্বসাধারণের সহযোগিতায় স্থাপিত নাগরিকজনের প্রতিষ্ঠান

স্মারক নং - মু-জা/০৬-২১/০২৭

তারিখ : ০৫ জুন ২০২১

অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
এবং নেটওয়ার্কভুক্ত শিক্ষক

বিষয় : ৭ জুন ছয়-দফা দিবস উপলক্ষে অনলাইন প্রদর্শনী

প্রিয় সহকর্মী/সহযাত্রী,

মুক্তিযুদ্ধ জাদুঘরের অভিবাদন গ্রহণ করুন। আশা করি আপনারা সবাই কুশলে রয়েছেন। করোনা দুর্যোগকালে যে-ভাবে আপনারা শিক্ষণ-কার্যক্রম পরিচালনা করছেন সেজন্য বিশেষ ধন্যবাদ আপনাদের প্রাপ্য। শিক্ষা-প্রতিষ্ঠান বন্ধ থাকলেও শিক্ষাদান বন্ধ নেই, সেক্ষেত্রে আপনাদের ভূমিকা উল্লেখযোগ্য। কোভিড-আক্রান্ত সময়েও মুক্তিযুদ্ধ জাদুঘর অনলাইনে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করতে সচেষ্ট রয়েছে। আপনারা অবগত রয়েছেন যে, ১৯৬৬ সালের ৭ জুন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষিত ছয়-দফা ঘিরে বাঙালির মুক্তি আন্দোলন সূচিত হয়। এই আন্দোলনের বার্ষিকী উপলক্ষে মুক্তিযুদ্ধ জাদুঘর বিশেষ অনলাইন প্রদর্শনী “অন্ধকার থেকে আলোয়” নবরূপে উপস্থাপন করছে। ১৫ মিনিটের এই অনলাইন প্রদর্শনী সূচিত হবে আগামী ৭ জুন ২০২১ রাত আটটায় মুক্তিযুদ্ধ জাদুঘরের ফেসবুক পেজ থেকে। প্রদর্শনীর লিংক : [www.facebook.com/liberationwarmuseum.official](http://www.facebook.com/liberationwarmuseum.official)

আশা করি, আপনারা এই প্রদর্শনী দেখবেন, শিক্ষার্থীদের দেখতে উদ্বুদ্ধ করবেন। জাতির ইতিহাসের সঙ্গে নবীন প্রজন্মের সংযোগ গড়তে আপনাদের ভূমিকা গুরুত্ববহ এবং এক্ষেত্রে আপনাদের সহযোগিতা আমাদের পাথেয়।

ধন্যবাদান্তে,

(মফিদুল হক)

ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর এবং

পরিচালক, শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের ইতিহাস ও শান্তি-সম্প্রীতির

ভাবধারায় উদ্বুদ্ধকরণ প্রকল্প

সংযুক্তি : প্রদর্শনীর বিবরণী

Celebrating the 25th Anniversary March 22, 2021

Founder Trustees : Dr. Sarwar Ali □ Aly Zaker □ Rabiul Husain □ Ziauddin Tariq Ali □ Sara Zaker  
□ Asaduzzaman Noor □ Mofidul Hoque & Akku Chowdhury

NGO Bureau registration no. 1007

বিঃদ্রঃ একজন শ্রেণি শিক্ষককে  
বিষয়টি শিক্ষার্থীদের অধ্যয়ন  
করানোর জন্য অনুরোধ করা  
হলো।